

■ সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৪৩

১৮. بَيْبَسَا-بَانِجَىَّ أَدْخَلَهُمْ بَيْبَوْعَ (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৬৩. মিথ্যা কসম সম্পর্কে

بَابِ فِي الْيَمِينِ الْكَاذِبِ

আরবী

أَخْبَرَنَا أَبُو الْوَلِيدِ وَحَجَاجُ قَالَا حَدَّثَنَا شُعْبَةُ قَالَ حَدَّثَنِي عَلَيْيُ بْنُ مُدْرِكٍ قَالَ سَمِعْتُ أَبَا زُرْعَةَ يُحَدِّثُ عَنْ خَرْشَةَ بْنِ الْحُرَّ عَنْ أَبِي ذِرَّ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثَلَاثَةٌ لَا يُكَلِّمُهُمُ اللَّهُ وَلَا يَنْظُرُ إِلَيْهِمْ يَوْمَ الْقِيَامَةِ وَلَا يُزَكِّيْهِمْ وَلَهُمْ عَذَابٌ أَلِيمٌ فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ مَنْ هُمْ خَابُوا وَخَسِرُوا فَأَعْلَمَهَا فَقُلْتُ مَنْ هُمْ يَا رَسُولَ اللَّهِ فَقَالَ الْمُسْبِلُ وَالْمَنَّانُ وَالْمُنَفِّقُ سَلِعَتُهُ بِالْحَلَفِ كَانَ

বাংলা

২৬৪৩. আবু যারর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “আল্লাহস্তা’আলা কিয়ামত দিবসে তিনপ্রকার লোকের সাথে কথা বলবেন না, তাদের দিকে দৃষ্টিপাত করবেন না এবং তাদের তিনি পবিত্র করবেন না। আর তাদের জন্য রয়েছে যন্ত্রনাদায়ক আয়াব।” আমি বললাম এরা কারা? ইয়া রাসূলুল্লাহ! এরা তো হতাশা গ্রস্ত ও ক্ষতিগ্রস্ত। তিনি এর পুনরাবৃত্তি করলেন। তখন আমি বললাম, এরা কারা? ইয়া রাসূলুল্লাহ! তিনি বললেন, “যে ব্যক্তি তার ইয়ার (লুঙ্গি, পাজামা- প্যান্ট) (গোড়ালীর নীচে) ঝুলিয়ে পরিধান করে; যে অনুগ্রহ করার করার পর খোটা দেয়; আর যে ব্যক্তি মিথ্যা কসমের মাধ্যমে তার পন্য বিক্রয় করে।”[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: আহমাদ ৫/১৪৮, ১৫৮, ১৬২, ১৭৭; ইবনু আবী শাইবা ৭/২২ নং ২২৪৩, ৮/৩৮৯ নং ৪৮৬৫ ও ৯/৯২ নং ৬৬৪২; মুসলিম, ঈমান ১০৬; আবু দাউদ, লিবাস ৪০৮৭, ৪০৮৮; তিরমিয়ী, বুয়ু ১২১১; নাসাই, বুয়ু ৭/২৪৫; বাইহাকী, বুয়ু ৫/২৬৫; ইবনু মাজাহ, তিজারাত ২২০৮ (যয়ীফ সনদে); আবু আওয়ানাহ ১/৩৯; আবু নুয়াইম,

হিলইয়া ৭/১৩০; তাহাবী, মুশকিল আছার ৪/৩৭৮-৩৭৯।

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু যার আল-গিফারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=82928>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন